

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৩

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - মোজার উপর মাসাহ করা

আরবী

وَعَن الْمُغيرَة بن شُعْبَة قَالَ: تَوَضَّاً النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَسَحَ عَلَى الْجَوْرَبَيْنِ وَالنَّعْلَيْنِ. رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ

বাংলা

৫২৩-[৭] উক্ত রাবী [মুগীরাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওযু/ওজু/অজু) করলেন এবং জুতার সাথে 'জাওরাব' ও পা' দু'টোর উপরের দিকও মাসাহ করলেন। (আহমাদ, তিরমিযী, আবূ দাউদ ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ: আবৃ দাউদ ১৫৯, তিরমিযী ৯৯, ইবনু মাজাহ্ ৫৫৯, ইরওয়া ১০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: جَوْرَيُوْنُ 'জাওরাবায়ন' শব্দটি جَوْرُبُ 'জাওরাব'-এর দ্বিচন। এর অর্থ কাপড়ের মোজা।] বর্ণিত হাদীসে প্রমাণ হয় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাওরাবায়ন বা পায়ের ঢাকনীর উপর মাসাহ করেছেন। সেটা চাই পশমী হোক বা চুলের হোক। আর চামড়ার হোক বা প্রাস্টিকের হোক। মোটা হোক বা পাতলা হোক সেটার উপর মাসাহ করা জায়িয আছে। জাওরাবায়ন জুতার ন্যায় যা জমিন হতে পাকে রক্ষা করে। সেটার উপর মাসাহ করা উত্তম। ইমাম ইবনু হাযম সেটা মোটা হওয়ার জন্য শর্ত করেছেন।

অনেক সাহাবায়ি কিরাম এর ওপর 'আমল করেছেন। হাদীসটিকে ইমাম তিরমিয়ী (রহঃ) সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55080}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন